# কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়
# Kurigram Agricultural University

**রেজিস্ট্রার দপ্তর**
registrar@kuriau.edu.bd
www.kuriau.edu.bd


স্মারক নং-কুড়িকৃবি/রেজি.দপ্তর/কৃষি গুচ্ছ-৮৯/২০২৫/৩০৩

তারিখঃ ০৮ বৈশাখ ১৪৩৩ / ২১ এপ্রিল ২০২৬

## ভর্তি বিজ্ঞপ্তি

২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে কৃষি গুচ্ছ ভর্তি পরীক্ষায় কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়ের জন্য নির্বাচিত প্রার্থীদেরকে বিভিন্ন অনুষদে স্নাতক (লেভেল-১ সেমিস্টার-১) শ্রেণিতে ভর্তির জন্য অনুসরণীয় নির্দেশাবলীঃ

১। কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়ের জন্য নির্বাচিত প্রার্থীদেরকে আগামী ২৬ থেকে ২৮ এপ্রিল ২০২৬ তারিখ সকাল ১০.০০ টা থেকে বিকাল ০৪.০০ টার মধ্যে কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়ের অস্থায়ী ক্যাম্পাস: ভোকেশনাল মোড়, কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম-এ স্ব-শরীরে উপস্থিত হয়ে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে।

২। অনুষদ ভিত্তিক ভর্তি ফি নিম্নরূপ:
সকল অনুষদের জন্য অনলাইনে জমাকৃত ভর্তি ফি এর প্রথম অংশ ১০,০০০.০০ (দশ হাজার) টাকার রশিদ নিয়ে আসতে হবে এবং নিম্নোক্ত ছক অনুযায়ী মোট ভর্তি ফি'র সাথে পূর্বের জমাকৃত ১০,০০০.০০ (দশ হাজার টাকা) সমন্বয় করতঃ অবশিষ্ট টাকা জমা প্রদান করতে হবে।

| অনুষদের নাম | ডিগ্রির নাম | মোট ভর্তি ফি'র পরিমাণ |
|---|---|---|
| কৃষি অনুষদ | বি.এসসি.এজি (অনার্স) | ১৬,০০০/- |
| মৎস্য অনুষদ | বি.এসসি. ফিসারিজ (অনার্স) | ১৬,০০০/- |

উপরোক্ত ভর্তি ফি ছাড়াও অনাবাসিক হিসেবে সংযুক্তির জন্য ১২৫০/- (এক হাজার দুইশত পঞ্চাশ টাকা) পরিশোধ করতে হবে।

৩। ভর্তির সময় প্রার্থীদেরকে-

ক) ভর্তির দিন বিশ্ববিদ্যালয়ের Student Portal-এ রেজিস্ট্রেশন করতে হবে। আবেদন ফর্মটি শিক্ষার্থী নিজে, পরিচিত কারো মাধ্যমে পূরণ করতে পারবেন।

খ) শিক্ষার্থীদের ৩০০×৩০০ পিক্সেল রেজ্যুলেশনের সদ্য তোলা ফরমাল ছবি এবং ৩০০×৮০ পিক্সেল রেজ্যুলেশনের সাদা ব্যাকগ্রাউন্ডের PNG ফরম্যাটের স্বাক্ষর নিজস্ব মোবাইল ফোনে সংরক্ষণ করে রাখতে হবে। এই ছবি ও স্বাক্ষর অনলাইন আবেদন ফর্মে ভর্তির সময় আপলোড করার জন্য প্রয়োজন হবে ।

গ) ২ নং অনুচ্ছেদে উল্লিখিত আবেদন ফি এবং অতিরিক্ত ১.৫-২.৫% গেটওয়ে চার্জ সহ মোট অর্থ যেকোনো মোবাইল ব্যাংকিং, ডেবিট/ক্রেডিট কার্ড অথবা ইন্টারনেট ব্যাংকিং অ্যাকাউন্টে ক্যাশ-ইন করে নিয়ে আসতে হবে। নগদ অর্থে (অফলাইনে) কোনো ধরনের ফি গ্রহণ করা হবে না।

ঘ) ভর্তি পরীক্ষার জন্য প্রদত্ত প্রবেশপত্র, এস.এস.সি/সমমান ও এইচ.এস.সি/সমমান এর মূল ট্রান্সক্রিপ্ট, মূল প্রশংসাপত্র, জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদের অনুলিপি, ভর্তি পরীক্ষার প্রবেশপত্রে প্রদত্ত ছবির অনুরূপ ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি জমা দিতে হবে।

ঙ) রক্তের গ্রুপ (প্রমানপত্র সঙ্গে আনতে হবে)।

চ) ভর্তির দিন মেডিক্যাল বোর্ড এর চিকিৎসক কর্তৃক প্রদত্ত স্বাস্থ্য পরীক্ষার সার্টিফিকেট গ্রহণ করে জমা প্রদান করতে হবে।

৪। সংরক্ষিত (কোটা) আসনের জন্য উল্লিখিত কাগজপত্র ছাড়াও-

ক) মুক্তিযোদ্ধার সন্তান কোটার প্রার্থীদেরকে পিতা-মাতার অনুকূলে সরকার কর্তৃক স্বীকৃত মুক্তিযোদ্ধার সনদপত্র ভর্তির সময় দেখাতে হবে এবং এর সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।

(খ) মুক্তিযোদ্ধার সন্তান কোটার প্রার্থীদেরকে মুক্তিযোদ্ধার সনদপত্রে প্রদত্ত ঠিকানা ও স্থায়ী ঠিকানার মধ্যে গরমিল থাকলে তাদের ঠিকানা পরিবর্তন সংক্রান্ত প্রত্যয়নত্রের মূল কপি জমা দিতে হবে। উভয় প্রত্যয়নপত্রই জেলা প্রশাসক/ইউএনও/মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত হতে হবে।

(গ) উপজাতি/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/পার্বত্য অঞ্চলের অ-উপজাতি কোটার প্রার্থীদের স্ব-স্ব জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত জেলার স্থায়ী বাসিন্দা সম্পর্কিত প্রত্যায়নপত্রের মূল কপি জমা দিতে হবে।

(ঘ) প্রতিবন্ধী কোটার প্রার্থীদের ক্ষেত্রে প্রতিবন্ধী সংক্রান্ত উপজেলা সমাজকল্যাণ কর্মকর্তার সনদপত্রের সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।

৫। ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের ওরিয়েন্টেশন কর্মসূচি এবং ক্লাস শুরুর তারিখ পরবর্তীতে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে জানিয়ে দেয়া হবে।

৬। আবাসিক হলে সীট বরাদ্দ না পাওয়া পর্যন্ত নিজ দায়িত্বে আবাসনের ব্যবস্থা করতে হবে। তবে ভর্তির সময় প্রত্যেক শিক্ষার্থীকে কোনো না কোনো হলে (অস্থায়ী) অনাবাসিক হিসেবে সংযুক্ত থাকতে হবে।

৭। অনলাইন আবেদন ফর্মে প্রদত্ত সকল তথ্য নির্ভুল হতে হবে। কোনো ভুল বা অসত্য তথ্য প্রদান করলে আবেদন ফর্মটি স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে।

৮। ভর্তি বাতিল সংক্রান্ত তথ্য:

ক) প্রদানকৃত একাডেমিক ট্রান্সক্রিপ্ট/প্রশংসাপত্র/প্রত্যয়নপত্র ভুল প্রমানিত হলে ভর্তি বাতিল হয়ে যাবে।

খ) ক্লাস শুরুর প্রথম ১৪ দিন ক্লাস না করলে ভর্তি বাতিল হয়ে যাবে।

(গ) ৬০% ক্লাস উপস্থিতিসহ সকল কোর্সে ক্লাস টেস্ট পরীক্ষায় অংশগ্রহণ না করলে ভর্তি বাতিল হয়ে যাবে।

(ঘ) ভর্তি বাতিল হলে বা করলে ভর্তি বাতিল ফি বাবদ ১০,০০০/- (দশ হাজার) টাকা প্রদান করতে হবে।

৯। ভর্তি প্রক্রিয়া সংক্রান্ত যেকোনো সহায়তার জন্য ভর্তির দিন বিশ্ববিদ্যালয়ের হেল্প ডেস্কে যোগাযোগ করার অনুরোধ করা হচ্ছে অথবা বিশ্ববিদ্যালয়ের হটলাইন নাম্বার ০৯৬১১৬৭৮৯২১-এ যোগাযোগ করা যেতে পারে।

মাননীয় ভাইস-চ্যান্সেলরের নির্দেশক্রমে

২২/০৪/২০২৫

মোঃ সাদেকুজ্জামান
ডেপুটি রেজিস্ট্রার
কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়

**অনুলিপি (সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য):**

১. ডিন, কৃষি ও মৎস্য অনুষদ, কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়।
২. প্রভোষ্ট/সহকারী প্রভোষ্ট, অস্থায়ী ছাত্র হল/অস্থায়ী ছাত্রী হল, কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়।
৩. প্রক্টর/সহকারী প্রক্টর, কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়।
৪. অর্থ ও হিসাব বিভাগ, কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়।
৫. উপাচার্য মহোদয়ের একান্ত সচিব, কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয় (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬. সিকিউরিটি অফিসার, কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়।
৭. আইসিটি সেল, কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয় (কুড়িকৃবি ওয়েবসাইটে প্রচার এবং ছাত্র-ছাত্রীদের নিকট থেকে তথ্য সংগ্রহের ব্যবস্থা গ্রহনের অনুরোধসহ)।
৮. অফিস কপি/ মহানথি।